

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৮৮০

১/ বিবিধ

আরবী

أحسنوا إلى الماعزة، وامسحوا عنها الرغام، فإنها دابة من دواب الجنة
ضعيف

رواه ابن السماك في " الفوائد " (9 / 211 / 2) عن سعيد بن محمد الزهري: حدثنا
الزهري عن سعيد بن المسيب عن أبي هريرة مرفوعا. قلت: وسعيد هذا ترجمه ابن
أبي حاتم (2 / 1 / 58) وقال عن أبيه: " ليس بمشهور، وحديثه مستقيم، إنما روى
حديثا واحدا ". والشرط الثاني له طرق أخرى هو بها قوي، لذلك أوردته في المجلد
الثالث من " الصحيحة " (1128)

বাংলা

১৮৮০। তোমরা ছাগলের প্রতি সদাচরণ কর। তার থেকে মাটিকে মুছে দাও। কারণ সে জান্নাতী চতুষ্পদ
জন্তুগুলোর একটি জন্তু।

হাদীসটি দুর্বল।

হাদীসটিকে ইবনুস সাম্মাক "আলফাওয়াইদ" গ্রন্থে (৯/২১১/২) সাঈদ ইবনু মুহাম্মাদ যুহরী হতে, তিনি যুহরী
হতে, তিনি সাঈদ ইবনুল মুসাইয়্যাব হতে, তিনি আবু হুরাইরাহ (রাঃ) হতে মারফু হিসেবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ ইবনু আবী হাতেম (২/১/৫৮) এ সাঈদের জীবনী আলোচনা করে তার পিতার উদ্ধৃতিতে
বলেছেনঃ তিনি প্রসিদ্ধ নন আর তার হাদীস সঠিক। তিনি মাত্র একটি হাদীস বর্ণনা করেছেন।

হাদীসটির দ্বিতীয় অংশ থেকে শেষ পর্যন্ত অন্যান্য সূত্রে বর্ণিত হয়েছে যেগুলোর দ্বারা সে অংশের শক্তি বৃদ্ধি

পেয়েছে। এ কারণে সেটাকে "সিলসিলাহ্ সহীহাহ" গ্রন্থে (১১২৮) তৃতীয় খণ্ডে উল্লেখ করেছি।

এছাড়া দেখুন “সহীহ জামেউস সাগীর” (৩৭৮৯, ৪০৭৩, ৪১৮২) অর্থাৎ প্রথম অংশ সহকারে হাদীসটি দুর্বল।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72763>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন